গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

**[অফিস আদেশ]**

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৭.০২৬.১৫/ ৩৮৩ তারিখ: ৩০/১১/২০২১ খ্রি:।

**বিষয়: বন্ডেড শিল্প প্রতিষ্ঠানের বন্ড সংক্রান্ত কার্যক্রমের অডিট সম্পাদনের লক্ষ্যে আবশ্যকীয় দলিলাদি দাখিল প্রসঙ্গে।**

শতভাগ রপ্তানিমুখী বন্ডেড শিল্প প্রতিষ্ঠানসমূহের বার্ষিক অডিট একটি আইনি বাধ্যবাধকতা। অডিট কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অতিরিক্ত সময়ক্ষেপন পরিহার এবং প্রয়োজনীয় দলিলাদি দাখিল বিষয়ে অস্পষ্টতা দূরীকরণ ও সামঞ্জস্যতা বিধান প্রয়োজন। বর্ণিতাবস্থায়, অডিট কার্যক্রমে গতিশীলতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে প্রতিষ্ঠানের নির্ধারিত বার্ষিক অডিট সম্পন্নের ক্ষেত্রে প্রয়োজনীয় দলিলাদি দাখিল বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ আদেশ জারি করল:

**ক) বন্ডেড প্রতিষ্ঠান নির্বিশেষে সাধারণ দলিলাদি:**

১) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে দাখিল;
২) কারখানায় স্থাপিত মেশিনারিজ এর তালিকা (অনুমোদিত মেশিনারি ও নতুন স্থাপিত মেশিনারি);
৩) অঙ্গীকারনামা সহ ৫০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে বন্ডারের নমুনা স্বাক্ষর।
৪) বিদ্যুৎ বিল/গ্যাস বিলের কপি;
৫) হালনাগাদ/নবায়িত আমদানি ও রপ্তানি নিবন্ধনপত্র, ফায়ার লাইসেন্স, টিআইএন, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র এর সত্যায়িত ফটোকপি;
৬) নির্ধারিত ছকে লিয়েন ব্যাংক কর্তৃক প্রতায়িত ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/স্বত্ত্বাধিকারী কর্তৃক আমদানি-রপ্তানি কার্যক্রমের বিবরণ;
৭) নির্ধারিত ফরমেটে লিয়েন ব্যাংক কর্তৃক প্রত্যায়িত নিরীক্ষা মেয়াদের পিআরসি;
৮) নির্ধারিত ছকে স্থায়ী ও অস্থায়ী আন্ত:বন্ড স্থানান্তরের বিবরণ (যদি থাকে);
৯) নিরীক্ষা মেয়াদে বিএল/এয়ারওয়ে বিল/ট্রাক চালান (যে ক্ষেত্রে যেটি প্রযোজ্য);
১০) নিরীক্ষা মেয়াদে রপ্তানিকৃত পণ্যের বিবরণ, শিপিং বিল, ইজিএম সংক্রান্ত দলিলাদি;
১১) ফোর্সড লোন ও ওভারডিউ সংক্রান্ত তথ্য;
১২) মূসক রিটার্নের কপি;
১৩) CA Firm কর্তৃক অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে)।

**খ) বন্ডেড প্রতিষ্ঠানের ক্যাটাগরি ভিত্তিক দলিলাদি:**

**(i) সরাসরি রপ্তানিকারক বা স্পেশাল বন্ড লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রয়োজনীয় দলিলাদি:**

(১) বিজিএমইএ/বিকেএমইএ কর্তৃক প্রদত্ত ইউডি এর মোট স্টেটমেন্টসহ মূল কপি;
(২) নিরীক্ষা মেয়াদের আমদানি-রপ্তানি সংশ্লিষ্ট পাস বই এর ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
(৪) Shut Out/Shut Down পণ্যের বিবরণ;
(৫) বাংলাদেশ ব্যাংকের এক্সপোর্ট/ইমপোর্ট মনিটরিং সিস্টেমের তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে);
(৬) রপ্তানি চালান ভিত্তিক ইক্সপি ফর্মের কপি;

**(ii) প্রচ্ছন্ন রপ্তানিকারক বন্ডেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে দলিলাদি:**

(১) ইউপি ভিত্তিক আমদানি, রপ্তানি ও মজুদ বিবরণী;
(২) ব্যাক টু ব্যাক এলসি (BBLC), ইউপি (UP), ইনভয়েস, প্যাকিং লিস্ট, প্রোফরমা ইনভয়েস, ডেলিভারী চালান, সহগ, বন্ড রেজিস্টার, বাংলাদেশ ব্যাংক এর Acceptance তথ্য;
(৩) ইউডি এর কপি;

**(iii) হোম কনজাম্পশন বন্ড লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে দলিলাদি:**

(১) আমদানি, ব্যবহার ও স্টক সংক্রান্ত বিবরণী, যা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/স্বত্ত্বাধিকারী কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত এবং লিয়েন ব্যাংক কর্তৃক প্রত্যায়িত;

(২) ইন-টু বন্ড এবং এক্স বন্ড সংক্রান্ত বি/ই, ইনভয়েস, প্যাকিং লিস্ট, বিএল/এয়ারওয়ে বিল/ ট্রাক চালান (যে ক্ষেত্রে যেটি প্রযোজ্য);

(৩) শুল্ক-কর পরিশোধের প্রমাণক;

**(iv) সুপারভাইজড বন্ড লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে দলিলাদি:**

(১) কাঁচামাল ব্যবহারের প্রমাণক বা রিকুইজিশন স্লিপসহ এ সংক্রান্ত দলিলাদি;

(২) বন্ড অফিসার পদস্থকরণে এমওটি চার্জ পরিশোধ সংক্রান্ত দলিলাদি (প্রযোজ্য ক্ষেত্রে);

(৩) আমদানি-রপ্তানি এর স্টেটমেন্ট যা লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত;

(৪) ইআরসি না থাকলে ব্যাংক কর্তৃক প্রত্যায়নপত্র দাখিল;

**(v) ইপিজেড/বেজা/হাই-টেক পার্কের অভ্যন্তরে অবস্থিত বন্ডেড শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে দলিলাদি:**

(১) বেপজা/বেজা/হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত আইপি ও ইপি এর কপি;

(২) প্রতিষ্ঠানের কনজাম্পশন সনদ এর সত্যায়িত কপি;

(৩) শীপ ব্যাক, গার্বেজ, শর্ট শীপমেন্ট ও সহযোগী প্রতিষ্ঠানের তথ্য সংক্রান্ত দলিলাদি;

(৪) নো-কস্ট ভিত্তিতে আমদানিকৃত পণ্যের লিয়েন ব্যাংক এর প্রত্যায়ন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) এবং লিয়েন ব্যাংক ব্যতীত অন্যকোন ব্যাংক এর মাধ্যমে আমদানি-রপ্তানি করা হয় নাই মর্মে প্রতিষ্ঠানের লেটার প্যাডে ঘোষণা পত্র।

(৫) CA Firm কর্তৃক অডিট রিপোর্ট।

**(vi) ডিপ্লোমেটিক বন্ড/ ডিউটি ফ্রি শপ লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে দলিলাদি:**

(১) প্রতিটি বিক্রয়ের বিপরীতে বন্ড অফিসার কর্তৃক স্বাক্ষরিত ইনভয়েস;

(২) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/সত্ত্বাধিকারী কর্তৃক স্বাক্ষরিত প্রারম্ভিক মজুদ, সমাপনী মজুদ এবং মূল্যের বিবরনী;

(৩) যে Exemption Certificate বা পাশবুকের বিপরীতে ইনভয়েস ইস্যু করা হয়েছে উক্ত Exemption Certificate বা পাশবুকের ফটোকপি (শুধু ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস এর জন্য প্রযোজ্য);

(৪) বিক্রয়ের অনুকূলে বৈদেশিক মুদ্রায় ব্যাংকে জমার বিবরনী;

(৫) লিয়েন ব্যাংকের বৈদেশিক মুদ্রা জমা সংক্রান্ত সার্টিফিকেট;

**(vii) শীপ স্টোরস ও ক্রু বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে দলিলাদি:**

(১) নিরীক্ষা মেয়াদে জাহাজের নাবিকগণের নিকট খুচরা বিক্রয়ের তথ্য, যথ: ক্রু'র নাম, জাহাজের নাম, পাসপোর্ট নম্বর, পণ্যের নাম, পরিমাণ, মূল্য, ইনভয়েস/চালান নং, বিক্রয়ের তারিখ সম্পর্কিত তথ্য ছক আকারে প্রদান;

(২) নিরীক্ষা মেয়াদে খুচরা বিক্রয়ের বিপরীতে প্রাপ্ত ডলার ব্যাংকে জমার স্বপক্ষে ব্যাংক স্টেটমেন্ট;

(৩) ARO of Board এর চাহিদাপত্র/রিকুইজিশন কপিসমূহ।

**(viii) জাহাজ/ড্রেজার উৎপাদন ও রপ্তানিমুখী বন্ড লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের দলিলাদি:**

(১) রপ্তানি চুক্তি/ঋণপত্র ও হাল নম্বরের বিপরীতে International Classification Society কর্তৃক অনুমোদিত কাঁচামালের তালিকার বিপরীতে আমদানিকৃত কাঁচামালের আমদানি সংক্রান্ত দলিলাদি;

(২) নিরীক্ষা মেয়াদে রপ্তানিকৃত জাহাজ/ড্রেজারের ইউপি, কাঁচামালের ব্যবহারের স্বপক্ষে বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) এর নেভাল আর্কিটেক্ট ও মেরিন ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট এর বিশেষজ্ঞ দল/মেরিন মার্কেন্টাইল ডিপার্টমেন্ট/নৌ বাণিজ্য অধিদপ্তরের মতামতের কপি;

(৩) নিরীক্ষা মেয়াদে রপ্তানিকৃত জাহাজ/ড্রেজারের বিপরীতে নির্ধারিত ছকে পিআরসি;

(৪) নিরীক্ষা মেয়াদে হাল নম্বর ও বি/ই নম্বর উল্লেখপূর্বক সমাপনী মজুদ কাঁচামালের তথ্য।

০২। কোন প্রতিষ্ঠান উল্লিখিত সকল দলিলাদি দাখিল না করলে বা আংশিকভাবে দাখিল করলে সেই প্রতিষ্ঠানের অডিট এর আবেদন গ্রহণ করা হবে না। তবে, পরবর্তীতে সকল দলিলাদি দাখিল সাপেক্ষে উক্ত আবেদন গ্রহণ করা হবে।

০৩। উল্লিখিত দলিলাদির অতিরিক্ত কোন দলিলাদির প্রয়োজন হলে সংশ্লিষ্ট কমিশনার এর অনুমতিক্রমে তা প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করতে হবে।

০৪। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

স্বাঃ

**(মোঃ মশিয়ার রহমান মন্ডল)**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com

**<u>অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থেঃ</u>**

১-২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম

৩-৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ, ও ভ্যাটকমিশনারেট, কুমিল্লা/রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/সিলেট।

৯। কমিশনার, কাস্টম হাউস, মোংলা।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৭.০২৬.১৫/ তারিখঃ ৩০/১১/২০২১ খ্রিঃ।

**<u>অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ</u>**

১-৩। নির্বাহী চেয়ারম্যান, বেজা/বেপজা/হাই-টেক পার্ক, ঢাকা।

৪। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৫। পি এ টু সদস্য গ্রেড-১ (কাস্টমসঃ রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৬। সভাপতি, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাঃ, ঢাকা।

৭। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা চেম্বার বিল্ডিং, ঢাকা।

৮। সভাপতি, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চেম্বার হাউস, আগ্রাবাদ, চট্টগ্রাম।

৯। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, ২৩/১, পান্থপথ লিংক রোড, কাওরান বাজার, ঢাকা।

১০। সভাপতি, বিকেএমইএ, প্ল্যানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।

১১। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন (বিটিএমএ), ঢাকা।

১২। সভাপতি, বাংলাদেশ ট্যানারি এসোসিয়েশন (বিটিএ), ঢাকা।

১৩। সভাপতি, বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন, ঢাকা।

১৪-১৫। অফিস কপি/গার্ড কপি।

(মোঃ মশিয়ার রহমান মন্ডল)
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com